মেহেরপুরের যাদবপুর গ্রামে জামায়াতে ইসলামীর আলোচনা সভা

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার এশার নামাজের যাদবপুর গ্রামে আলোচনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এ সময় আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, মেহেরপুর জেলা সেক্রেটারি ইকবাল হুসাইন, মেহেরপুর সদর উপজেলার আমীর সোহেল রানা, সদর উপজেলার সেক্রেটারী ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, বুড়িপোতা ইউনিয়নের আমীর হাফেজ আবু জাফর সোহেল, সেক্রেটারী আব্দুস সালাম প্রমুখ।

চুয়াডাঙ্গায় সবুজ উদ্যোক্তা গড়ার লক্ষ্যে আলোচনা সভা

চুয়াডাঙ্গায় প্রশিক্ষণের মাধ্যমে সবুজ উদ্যোক্তা গড়ে তোলার লক্ষ্যে ‘কমিউনিটি বেজড এক্টিভেশন সভা’ অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার চুয়াডাঙ্গা শহরের মালোপাড়াস্থ ওয়েভ ট্রেনিং সেন্টারে দিনব্যাপি এ সভা অনুষ্ঠিত হয়।

ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় ‘ইয়ুথ গ্রিণ এন্টারপ্রেণারশিপ ডেভেলপমেন্ট’ প্রকল্পের আওতায় এ সভা হয়েছে।

ওয়েভ ফাউন্ডেশন বাস্তবায়িত প্রকল্পের এ সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এম. সাইফুল্লাহ। সভাপতিত্ব করেন ওয়েভ ফাউন্ডেশনের উপপরিচালক জহির রায়হান। বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক

মাকসুরা জান্নাত, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মো. নাজমুল হোসেন, তৌফিক এগ্রো সাপোর্ট’র স্বত্বাধিকারী এএসএম তৌফিকুল আলম, ওয়েভ ফাউন্ডেশনের উপদেষ্টা আব্দুস শুকুর ও জেলা লোকমোর্চার সহ-সভাপতি তানজিলা মনোয়ার।

সভায় বক্তারা বলেন, দেশের আর্থ-সামাজিক উন্নয়নে তরুণদের শক্তি কাজে লাগাতে হবে। বিশেষ করে জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও টেকসই উন্নয়নের জন্য সবুজ উদ্যোক্তা তৈরি অত্যন্ত জরুরি।

আয়োজকরা জানান, প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গা জেলা, ঝিনাইদহ সদর উপজেলা ও মেহেরপুর সদর উপজেলার ৫১০ জন তরুণকে প্রশিক্ষণের মাধ্যমে সবুজ উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা হবে। যাতে তারা পরিবেশবান্ধব ব্যবসায়িক উদ্যোগ গ্রহণ করে কর্মসংস্থান সৃষ্টি ও টেকসই উন্নয়নে অবদান রাখতে পারে।

সভায় কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, যুব সংগঠক, সমাজের বিভিন্ন স্তরের প্রতিনিধিসহ ৫০ জন অংশগ্রহণ করেন। এতে প্রকল্প উপস্থাপন করেন ওয়েভ ফাউন্ডেশনের প্রকল্প সমন্বয়কারী মো. শরিফুল আলম। সার্বিক সহযোগিতায় ছিলেন প্রজেক্ট অফিসার কানিজ সুলতানা, মাহবুব আবির ও জিল্লুর রহমান।

মেহেরপুরের পিরোজপুরে এনসিপির দোয়া মাহফিল ও আলোচনা সভা

গতকাল শনিবার মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নে জাতীয় নাগরিক পার্টি-এনসিপি’র সাংগঠনিক কার্যক্রম জোরদারকরণ, জেলা আহ্বায়ক কমিটি গঠন এবং নতুন কার্যালয় চালু উপলক্ষে এক দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানটি পবিত্র কুরআন তেলাওয়াতের মাধ্যমে শুরু হয়। এরপর স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব আব্দুস সালাম। আলোচনা পর্বে বক্তব্য রাখেন, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সাবেক নেতা ও জাতীয় নাগরিক পার্টি-এনসিপি’র মেহেরপুর জেলা সমন্বয় কমিটির

আহ্বায়ক ইমতিয়াজ আহমেদ, এনসিপি’র জেলা সমন্বয় কমিটির সদস্য (সংগঠন/দপ্তর) মোঃ হাসনাত জামান সৈকত এবং যুগ্ম সমন্বয়কারী আশিক রাব্বি। তারা স্থানীয় পর্যায়ে দলকে আরও সক্রিয় ও জনগণের পাশে রাখার আহ্বান জানান। বক্তব্যে সংগঠনের লক্ষ্য, নীতি এবং সাংগঠনিক শক্তি বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, জেলা সমন্বয় কমিটির সদস্য (লিয়াজু) মাহাবুব-ই তৌহিদ রবিন, সদস্য (অর্থ) মোঃ তামিম ইসলাম, এনসিপি’র পিরোজপুর ইউনিয়নের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

দোয়া মাহফিলে জুলাই অভ্যুত্থানে শহীদদের মাগফিরাত, দেশ ও জাতির কল্যাণ কামনা করা হয় এবং নতুন কার্যালয়ের সফলতা ও সংগঠনের অগ্রগতির জন্য মোনাজাত করা হয়। অনুষ্ঠান শেষে নেতৃবৃন্দ পিরোজপুর ইউনিয়নে সংগঠনের কার্যক্রম আরও গতিশীল করতে একযোগে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

দামুড়হুদায় বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকীতে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র আয়োজনে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা বাসস্ট্যান্ড এলাকায় নেতাকর্মীদের অংশগ্রহণে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। র্যালি শেষে আলোচনা সভায় দলীয় নেতারা অংশ নেন।

সভায় সভাপতিত্ব করেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র সহ-সভাপতি শফিকুল ইসলাম মাস্টার। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির এবং প্রধান বক্তা ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

প্রধান অতিথির বক্তব্যে দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির বলেন, “বিএনপি সবসময় দেশের মানুষের গণতান্ত্রিক অধিকার রক্ষায় সংগ্রাম করে যাচ্ছে। এই প্রতিষ্ঠাবার্ষিকী আমাদের নতুন করে ঐক্যবদ্ধ হওয়ার বার্তা দেয়। জনগণের ভোটের অধিকার ফিরিয়ে দিতে আমরা ঐক্যবদ্ধভাবে কাজ করে যাচ্ছি।” প্রধান বক্তার বক্তব্যে দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, “বর্তমান সময়ে সুষ্ঠু নির্বাচনের দাবি দেশজুড়ে। মানুষ পরিবর্তন চায়। বিএনপি সেই গণদাবিকে সামনে রেখে শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাচ্ছে। জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণের জন্য আমরা ঐক্যবদ্ধ।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাসেম, উপজেলা মহিলা দলের সভানেত্রী সালমা জাহান পারুল।

উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক একরামুল হকের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সাবেক সভাপতি ও সাবেক চেয়ারম্যান কামরুজ্জামান টুনু, জুড়ানপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইদ্রীস আলী, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তার সিদ্দিকী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপি’র সভাপতি শামসুল হক, নাটুদাহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি সামছুল আলম, বিএনপি’র অন্যতম নেতা শামসুল হক, রোকনুজ্জামান তোতাম আব্দুস সালাম। উপজেলা যুবদলের সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক সোহেল রানা, উপজেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব জাকির হোসেন, সিনিয়র যুগ্ম আহ্বায়ক আব্দুল কাদের, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল হক সবুজ, সদস্য সচিব ডি কে সুলতান, সিনিয়র যুগ্ম আহ্বায়ক ইনজামুল হক, জেলা ছাত্রদলের সহ-সভাপতি মোঃ মোস্তফা কামালসহ উপজেলা যুবদল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন, সদর ইউনিয়ন বিএনপি’র ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনছার আলী।

মুজিবনগরে বিএনপি’র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)’র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মুজিবনগর উপজেলা বিএনপি’র উদ্যোগে আলোচনা সভা ও বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপি’র কার্যালয়ের সামনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় একই স্থানে এসে শেষ হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু ও মুজিবনগর উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আলহাজ্ব মশিউর রহমান।

এ সময় আরও উপস্থিত ছিলেন, সদর উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক সৌরভ হোসেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম ও সাধারণ সম্পাদক ইসলাম শেখ, মহাজনপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফুল হক কালু ও সাধারণ সম্পাদক সোনা গাইন, মোনাখালি ইউনিয়ন বিএনপি’র’র সভাপতি রায়হান কবির ও সাধারণ সম্পাদক টুটুল বিশ্বাস, দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাফিজুর রহমান ও সাধারণ সম্পাদক জিয়াউদ্দিনসহ উপজেলা বিএনপি ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

আলোচনা সভা ও র্যালিতে বক্তারা বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের আদর্শে উদ্বুদ্ধ হয়ে নেতাকর্মীরা ঐক্যবদ্ধভাবে গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনে অংশ নেবে।

আলমডাঙ্গায় বিএনপি’র ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকীতে আনন্দ র্যালি ও আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপি’র উদ্যোগে ৪৭ তম প্রতিষ্ঠা বার্ষিকীতে আনন্দ র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকালে আলমডাঙ্গা উপজেলা মঞ্চ থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা মঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এই আলোচনা সভায় আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আকতার জোয়ার্দারের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরিফ।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম রোকন, পৌর বিএনপি’র সভাপতি আজিজুর রহমান পিন্টু, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু।

উপজেলা বিএনপি’র সাংগাঠনিক সম্পাদক আনোয়ার হোসেনের উপস্থাপনায় বক্তব্য রাখেন, আলী আসগার সাচ্চু, মাহবুল হক মাষ্টার, মোকলেসুর রহমান মিলন, রাসেদুজামান, সকল ইউনিয়ন বিএনপি’র সভাপতি সাধারণ সম্পাদক ও আলমডাঙ্গা পৌর বিএনপি’র সভাপতি, সাধারণ সম্পাদক, মহিলা দলের আহ্বায়ক জিনিয়া পারভীন, উপজেলা মহিলা দলের আহ্বায়ক বন্নি,যুবদলের ভারপ্রাপ্ত আহ্বায়ক মীর আসাদুজ্জামান উজ্জল, সদস্য সচিব রকিবুল ইসলাম, পৌর যুবদলের আহ্বায়ক নাজিম উদ্দীন মোল্লা, উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক এমদাদুল হক, পৌর বিএনপি’র সহ সাংগাঠনিক সম্সপাদক হাসিবুল ইসলাম, সদস্য সচিব রাজু আহমেদ, পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক কামরুজ্জামান হিমেল, সদস্য সচিব জাকারিয়া শান্ত, ছাত্র দলের সদস্য সচিব আলইমরান রাসেল, পৌর ছাত্র দলের আহ্বায়ক রাকিব হাসান রিঙ্কু, মাহদুল তত্ময় সহ স্থানীয় বিএনপি’র নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, আগামী ফেব্রুয়ারিতে আসন্ন

জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হতে চলেছে। আমাদের জাতীয়তাবাদী দল বিএনপি এখন নির্বাচনমুখী। তাই আপনারা ঐক্যবদ্ধ হয়ে থাকবেন এবং মানুষের দ্বারে দ্বারে ধানের শীষের বার্তা পৌঁছিয়ে দেবেন।

আমি প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে মানুষের মাঝে উপস্থিত হতে চাই। আপনারা উপজেলা বিএনপি’র সহ-সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদকের সাথে আলোচনা করে একটা প্রোগ্রাম তৈরি করেন। আগামী সপ্তাহ থেকে আমি প্রতিটি ইউনিয়নে সভা করে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জননেতা তারেক রহমানের বার্তা পৌঁছে দিতে চাই।

ঝিনাইদহে সামাজিক সম্প্রীতি সমাবেশ ও আলোচনা সভা

ঝিনাইদহ পৌরসভার ২নং ওয়ার্ডের ষাটবাড়িয়া গ্রামে সামাজিক সম্প্রীতি সমাবেশ ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গত ৫ আগস্ট ২০২৪-এর পর সামাজিক দ্বন্দকে কেন্দ্র করে একাধিকবার সংঘর্ষের ঘটনা ঘটে। এতে দু’পক্ষের বহু পরিবার ঘরবাড়ি ছেড়ে পালিয়ে যায়। এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় শতাধিক মানুষের বিরুদ্ধে মামলা হয়।

সংঘর্ষের এই রেশ কাটাতে ঝিনাইদহ জেলা বিএনপি’র সভাপতি অ্যাডভোকেট এম এ মজিদের উদ্যোগে আয়োজিত হয় সামাজিক সম্প্রীতি সমাবেশ। গতকাল সকাল ১০টায় ষাটবাড়িয়া ঋষিপাড়ার মন্দিরে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তারা সামনের দিনে মিলেমিশে বসবাসের শপথ নেন। বিশেষ করে মন্দির প্রাঙ্গণ থেকে সকলকে সামাজিক সম্প্রীতি রক্ষার অঙ্গীকার করানো হয়। এসময় অতীতে মাদক ব্যবসা ও সেবনের সঙ্গে জড়িতদের সতর্ক করা হয়। ভবিষ্যতে কেউ মাদক বিক্রি বা সেবনে জড়িত হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার ঘোষণা দেওয়া হয়।

এছাড়া এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে ১০ জন মাতুব্বর ও ১০ জন জ্ঞানী ব্যক্তিকে নিয়ে ২০ সদস্যের একটি কমিটি গঠন করা হয়। স্থানীয় কোনো সমস্যা হলে প্রথমে এ কমিটি সালিশি করবে। যদি সমাধান না হয় তবে ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুনের সহযোগিতা নেওয়া হবে।

এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপি’র সভাপতি অ্যাড. এম এ মজিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সিনিয়র সহ-সভাপতি আক্তারুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার ঝিনাইদহ সার্কেল মাহফুজ হোসেন, ঝিনাইদহ জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস। এ সভায় সভাপতিত্ব করেন, ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন।

দামুড়হুদায় বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা

দামুড়হুদায় বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০টার দিকে ঢাকা জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের আয়োজনে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বাস্তবায়নে এই কর্মসূচির উদ্বোধন উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালী অনুষ্ঠিত হয়।

র্যালী শেষে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্যালী ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার। এসময় উপস্থিত ছিলেন, এমটি (ইপিআই) ফারুক আহমেদ, স্যানিটারি ইন্সপেক্টর মোঃ নিয়ামত আলী সহ হাসপাতালের সিনিয়ার স্টাফ নার্স, সহকারী স্বাস্থ্য পরিদর্শক ও সিএইচসিপি গণ প্রমুখ।

আলমডাঙ্গা সাউণ্ড লাইট ডেকোরেশন সমিতির কমিটি গঠন ও আলোচনা সভা

আলমডাঙ্গা সাউণ্ড লাইট ডেকোরেশন সমিতির কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টার সময় পান্না কমিউনিটি সেন্টারে এই সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ঝলক ডেকোরেশনের মালিক খাইরুল ইসলাম। প্রধান অতিথি চুয়াডাঙ্গা জেলা লাইট সাউণ্ড ডেকোরেশরের সভাপতি খসরুল আলম। বিশেষ অতিথি ছিলেন, সমিতির মেহেরপুর শাখার সভাপতি সানোয়ার হোসেন, চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক আবুল হোসেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, মোবারেক হোসেন, রনি আহম্মেদ, হান্নান আলি, সেলিম হোসেন, সালমান হোসেন, বাবুল মোল্লা, নাজমুল ইসলাম, আকিজ হোসেন, রুহুল আমিন প্রমুখ।

আলোচনা সভা শেষে কমিটি গঠন করা হয়। পূর্বের কমিটি বহাল রেখে কমিটি ঘোষণা করা হয়। খাইরুল ইসলাম কে সভাপতি ও মোহাম্মদ শান্ত কে সাধারণ সম্পাদক করে কমিটি গঠন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত সকল সদস্যের মতামতের ভিত্তিতে দেড় বছরের জন্য কমিটি পুনরায় বহাল রাখা হয়। নির্দিষ্ট সময় পরে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলমডাঙ্গা পৌরসভায় নির্বাচনী গ্রাম কমিটি গঠনের লক্ষ্যে আলোচনা সভা

আলমডাঙ্গা পৌরসভার দুই নম্বর ওয়ার্ডের গ্রাম কমিটির লক্ষ্যে নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকাল ৩টায় ২নম্বর ওয়ার্ডে

গ্রাম কমিটি গঠনের লক্ষে নির্বাচনী সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কর্মপরিষদ সদস্য ও জেলা যুব জামায়াতের সভাপতি জনাব শেখ নুর মোহাম্মদ হুসাইন টিপু। তিনি বলেন, দূর্নীতিমুক্ত সমাজ ও দেশ বিনির্মানে একমাত্র জামায়েত ইসলামের ন্যায় ও সততার দ্বারা সম্ভব।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা শাখার সংগ্রামী আমির ও উপজেলা ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী জননেতা শফিউল আলম বকুল। তিনি বলেন, আল্লাহর ইবাদত মনে করে জামায়াতে ইসলামের মনোনীত প্রার্থীদের জন্য ভোটের মাঠে মেধা শ্রম আর সততা আদর্শ নিয়ে কাজ করে যাবেন। এছাড়াও উপস্থিত ছিলেন, ইউনিয়ন আমির মাওলানা আবু বকর সিদ্দিক বাবলু, পৌর শ্রমিক কল্যান ফেডারেশন সভাপতি জনাব সাহিন শাহিদ,উপজেলা মানবাধিকার সম্পাদক জনাব শফিউজ্জামান মিঠু, ইউনিয়ন সেক্রেটারি জনাব আলতাফ হোসেন, সহকারী সেক্রেটারি জনাব আনারুল ইসলাম। সভাপতিত্ব করেন ওয়ার্ড সভাপতি আব্দুল হালিম। ওয়ার্ড সহ সভাপতি লাহাউদ্দীনে সঞ্চালনায় প্রায় ৫ শতাধিক নেতাকর্মী উপস্থিত ছিলেন।